



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর  
প্রশিক্ষণ ও শারীরিক শিক্ষা শাখা  
গাইড হাউস (৭ম ও ১০ম তলা) নিউ বেইলি রোড, ঢাকা  
www.dme.gov.bd



স্মারক নম্বর: ৫৭.২৫.০০০০.০০৬.০৪.০০৬.১৭.৪০

২ বৈশাখ ১৪৩১ বঙ্গাব্দ  
তারিখ: ১৫ এপ্রিল ২০২৪ খ্রিস্টাব্দ

বিষয়: বাংলাদেশ মাদ্রাসা শিক্ষক প্রশিক্ষণ ইনস্টিটিউট (BMTTI)-এ আয়োজিত ৮-৬তম শিক্ষা প্রশাসন ও ব্যবস্থাপনা আবাসিক প্রশিক্ষণ কোর্সের  
জন্য ৫০ জন এবতেদায়ী প্রধানের তালিকা প্রেরণ।

সূত্র: বিএমটিটিআই-এর স্মারক নং-বিএমটিটিআই/২৩০/মাশিঅ/প্রশা:/২০১৬/৯৮; তারিখ: ২৯/০২/২০২৪ খ্রি.

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সূত্রোক্ত স্মারকে বাংলাদেশ মাদ্রাসা শিক্ষক প্রশিক্ষণ ইনস্টিটিউট (BMTTI) কর্তৃক আয়োজিত ২১ এপ্রিল ২০২৪ থেকে ০২ মে ২০২৪ পর্যন্ত মোট-১২ দিন ৮-৬তম ব্যাচে শিক্ষা প্রশাসন ও ব্যবস্থাপনা আবাসিক প্রশিক্ষণ কোর্সে অতিরিক্ত ১০ জনসহ ৫০ জন এবতেদায়ী প্রধানের তালিকা প্রেরণের জন্য অনুরোধ জানানো হয়। এমতাবস্থায়, ৮-৬তম ব্যাচে শিক্ষা প্রশাসন ও ব্যবস্থাপনা আবাসিক প্রশিক্ষণ কোর্সে ৫০ জন এবতেদায়ী প্রধানের মনোনীত তালিকা সংযুক্ত করে নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে প্রশিক্ষণ ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে প্রেরণ করা হলো।

- প্রশিক্ষণ চলাকালীন প্রশিক্ষণার্থীগণের তালিকা আবশ্যিকভাবে MEMIS সফটওয়্যারের ডাটাবেইজে এন্ট্রি নিশ্চিত করতে হবে।  
ব্যত্যয় ঘটলে অধ্যক্ষ বিএমটিটিআই দায়ী থাকবেন;
- মনোনীত শিক্ষকগণের মধ্যে অনুপস্থিতির তালিকা মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের স্মারক নং: ৫৭.২৫.০০০০.০০৬.০৯.০০১.২১.৩৫;  
তারিখ: ২০/০৫/২০২১খ্রি.-এ বর্ণিত ছকে কোর্স সমাপ্তির ৭ (সাত) দিনের মধ্যে Compliance Report প্রেরণ করতে হবে এবং একই  
সাথে পরবর্তী কোর্স শুরু হওয়ার পূর্বে MEMIS সফটওয়্যারের ডাটাবেইজে এন্ট্রি তথ্য প্রেরণ করতে হবে;
- প্রয়োজনে মোবাইলে/ব্যক্তিগতভাবে যোগাযোগপূর্বক প্রেরিত তালিকা অনুযায়ী সকল প্রশিক্ষণার্থীর উপস্থিতি নিশ্চিত করতে হবে;
- যুক্তিসংগত ও গ্রহণযোগ্য কারণ ব্যতীত মনোনীত শিক্ষকগণ প্রশিক্ষণে অনুপস্থিত থাকলে তা প্রতিষ্ঠান প্রধানের অসদাচরণ হিসেবে  
বিবেচিত হবে;
- প্রশিক্ষণ কোর্স পরিচালনার ক্ষেত্রে সরকারি বিধিবিধানসমূহ প্রতিপালন করতে হবে।

সংযুক্তি: ১। বিএমটিটিআই'র প্রস্তাব- ১ ফর্দ।

২। প্রশিক্ষণার্থীর তালিকা- ২ ফর্দ।

১৫-০৪-২০২৪  
মোঃ জিয়াউল আহসান  
পরিচালক

অধ্যক্ষ, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষক প্রশিক্ষণ ইনস্টিটিউট, বোর্ডবাজার, গাজীপুর, ঢাকা।

স্মারক নম্বর: ৫৭.২৫.০০০০.০০৬.০৪.০০৬.১৭.৪০/১ (৭)

২ বৈশাখ ১৪৩১ বঙ্গাব্দ  
তারিখ: ১৫ এপ্রিল ২০২৪ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- অতিরিক্ত সচিব (মাদ্রাসা), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, ঢাকা;
- পরিচালক (প্রশাসন ও অর্থ) এবং PD, মেমিস, মাশিঅ। টিএমইডি'র নির্দেশনা অনুযায়ী প্রশিক্ষণার্থীদের তালিকা MEMIS সফটওয়্যার  
Database-এ এন্ট্রি নিশ্চিতকরণের অনুরোধসহ;
- উপ-পরিচালক (প্রশাসন), মাশিঅ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ);
- সচিব মহোদয়ের একান্ত সচিব (সিনিয়র সহকারি সচিব), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, ঢাকা;

৫। অধ্যক্ষ/সুপার//সভাপতি ----- মাদ্রাসা, বর্ণিত তালিকার শিক্ষকগণকে প্রশিক্ষণে অংশগ্রহণ নিশ্চিত করার অনুরোধসহ;

৬। জনাব ----- এবতেদায়ী প্রধান, ----- সংযুক্ত তালিকার বর্ণিত মাদ্রাসা এবং

৭। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা।



A handwritten signature in black ink, located on the right side of the page, above the date and name.

১৬-০৪-২০২৪

মোঃ সুলতান আহমেদ  
সহকারী পরিচালক

সকল সংযুক্তিসমূহ:

(১) এপ্রিল, মে, জুন মাসের অনুমোদন পত্র\_20240415\_0001

(২) ৮৬ তম ইবতেদায়ী প্রধান নং সহ তালিকা \_20240415\_0001